

🗏 আশ-শুরা | Ash-Shura | الشُّوري

আয়াতঃ ৪২:৩৩

💵 আরবি মূল আয়াত:

إِن يَّشَا يُسكِنِ الرِّيحَ فَيَظلَلنَ رَوَاكِدَ عَلَى ظَهرِهٖ ۚ اِنَّ فِى ذَٰلِكَ لَاٰيتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ ﴿٣٣﴾ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ ﴿٣٣﴾

তিনি যদি চান বাতাসকে থামিয়ে দিতে পারেন। ফলে জাহাজগুলো সমুদ্রপৃষ্ঠে গতিহীন হয়ে পড়বে। নিশ্চয় এতে পরম ধৈর্যশীল ও কৃতজ্ঞ ব্যক্তির জন্য অনেক নিদর্শন রয়েছে। — আল-বায়ান

তিনি যদি ইচ্ছে করেন বাতাসকে থামিয়ে দিতে পারেন, তখন জাহাজগুলো সমুদ্র পৃষ্ঠে গতিহীন হয়ে পড়বে। এতে প্রত্যেক অতি ধৈর্যশীল শুকর আদায়কারীর জন্য অবশ্যই নিদর্শন রয়েছে। — তাইসিরুল

তিনি ইচ্ছা করলে বায়ুকে স্তদ্ধ করে দিতে পারেন; ফলে নৌযানসমূহ নিশ্চল হয়ে পড়বে সমুদ্র পৃষ্ঠে। নিশ্চয়ই এতে নিদর্শন রয়েছে ধৈর্যশীল ও কৃতজ্ঞ ব্যক্তির জন্য। — মুজিবুর রহমান

If He willed, He could still the wind, and they would remain motionless on its surface. Indeed in that are signs for everyone patient and grateful. — Sahih International

৩৩. তিনি ইচ্ছে করলে বায়ুকে স্তব্ধ করে দিতে পারেন; ফলে নৌযানসমূহ নিশ্চল হয়ে পড়বে সমুদ্রপৃষ্ঠে। নিশ্চয় এতে অনেক নিদর্শন রয়েছে, প্রত্যেক চরম ধৈর্যশীল ও একান্ত কৃতজ্ঞ ব্যক্তির জন্য।

তাফসীরে জাকারিয়া

(৩৩) তিনি ইচ্ছা করলে বায়ুকে স্তব্ধ করে দিতে পারেন; ফলে নৌযানসমূহ সমুদ্রের বুকে নিশ্চল হয়ে পড়বে। নিশ্চয়ই এতে ধৈর্যশীল ও কৃতজ্ঞদের জন্য বহু নিদর্শন রয়েছে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4305



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন